পূর্বশত্রুতার জেরে মেহেরপুরে বাড়িঘর ভাঙচুর ও লুটপাটের অভিযোগ

মেহেরপুর সদর উপজেলার রাজাপুর গুচ্ছগ্রামে জমিজমা-সংক্রান্ত বিরোধ ও পূর্বশত্রুতার জেরে আব্দুল হালিমের বাড়িতে হামলা, ভাঙচুর ও লুটপাটের অভিযোগ উঠেছে। গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় এ ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, সন্ধ্যা প্রায় ৬টার দিকে পার্শ্ববর্তী শালিকা গ্রাম থেকে ৪০-৫০টি মোটরসাইকেলে করে প্রায় ১০০ জন লোক রাজাপুর গুচ্ছগ্রামে আসে। তারা প্রথমে বাড়ির চারপাশের দেয়াল টপকে ভেতরে প্রবেশ করে এবং পরে মূল ফটকের তালা ভেঙে বাড়ির মধ্যে ঢুকে পড়ে। এ সময় হামলাকারীরা ঘরের আসবাবপত্র ও অন্যান্য মালামাল ভাঙচুর করে ব্যাপক তাণ্ডব চালায়।

অভিযোগ রয়েছে, হামলাকারীরা ঘরে থাকা দুটি স্টিলের আলমারির তালা ভেঙে নগদ টাকা ও স্বর্ণালঙ্কার লুট করে নিয়ে যায়। স্থানীয়রা বাধা দেওয়ার চেষ্টা করলে হামলাকারীরা দেশীয় অস্ত্র প্রদর্শন করে তাদের ভয়ভীতি দেখায়।

ভুক্তভোগী আব্দুল হালিম জানান, তাঁর মায়ের ৩৩ শতক জমি উত্তরাধিকারসূত্রে দুই ভাইয়ের মধ্যে বণ্টনের কথা ছিল। ভূমি অফিসের প্রয়োজনীয় প্রক্রিয়া সম্পন্ন করার পর তাঁরা নিজেদের অংশ বুঝিয়ে দেওয়ার জন্য শরিকদের কাছে দাবি করেন। কিন্তু জমি বুঝিয়ে না দিয়ে প্রতিপক্ষ আদালতের মাধ্যমে সমাধানের কথা বলে। পরে বিষয়টি আদালতে গড়ায়।

তিনি আরও বলেন, এর আগে জমিসংক্রান্ত বিরোধের জেরে তাঁকে মারধর করা হয়েছিল। তাঁর ভাই সেলিম রেজা চিকিৎসার জন্য হাসপাতালে গেলে সেখানেও তাঁকে চাপাতি দিয়ে কুপিয়ে আহত করা হয় বলে অভিযোগ করেন তিনি।

আব্দুল হালিমের দাবি, সম্প্রতি তাঁর প্রবাসী ছেলে দেশে ফেরার পর সকালে প্রতিপক্ষের কয়েকজনের সঙ্গে কথাকাটাকাটি হয়। এরই জেরে পরিকল্পিতভাবে সন্ধ্যায় তাঁদের বাড়িতে হামলা চালানো হয়।

তিনি অভিযোগ করে বলেন, হামলাকারীরা নগদ প্রায় ৫ লাখ টাকা, প্রায় ৮ লাখ টাকার স্বর্ণালঙ্কার এবং বাড়ির বিভিন্ন মালামাল লুটপাট ও ভাঙচুর করেছে। এতে তাঁর প্রায় ২০ লাখ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে।

এ ঘটনায় এলাকায় উত্তেজনা বিরাজ করছে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে বলে স্থানীয়রা জানিয়েছেন। এ ব্যাপারে আইনগত ব্যবস্থা গ্রহণের প্রস্তুতি চলছে।